তারিখ 08 FEB 2016
পৃষ্ঠা 2 কলাম 6

আমাদের সময়

জগন্নাথ বিশ্ববিদ্যালয়

# ছাত্রদল নেতার ওপর ছাত্রলীগের হামলা

নিজস্ব প্রতিবেদক ●

জাতীয়তাবাদী ছাত্রদলের জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি) শাখার নবগঠিত কমিটির প্রচার সম্পাদক জুয়েল মৃধাকে মারধর করেছে ছাত্রলীগ। গতকাল রোববার দুপুরে বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকের সামনে এ ঘটনা ঘটে। নতুন কমিটি গঠনের পর প্রথমবারের মতো ক্যাম্পাসে প্রবেশের চেষ্টাকালে তার ওপর এই হামলা হয়। প্রত্যক্ষদর্শীরা জানান, জবি ছাত্রদলের নতুন কমিটির প্রচার সম্পাদক জুয়েল মৃধা তার গ্রুপের কর্মীদের নিয়ে ক্যাম্পাসে প্রবেশের প্রস্তুতি নিচ্ছিলেন। এ সময় জবি ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক তানভীর রহমান খানের নেতৃত্বে নেতাকর্মীরা তাদের ধাওয়া দেয়। ছাত্রলীগের নেতাকর্মীদের বেধড়ক মারধরে জুয়েলের মাথা ফেটে যায়।